ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৮৭২

আগরতলা,১৮ নভেম্বর,২০২৫

**প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচির অধীন খোয়াই জেলা হাসপাতালে কিডনি রোগীদের বিনামূল্যে ডায়ালাইসিস পরিষেবার সুবিধা**




রাজ্যে কিডনি রোগে আক্রান্ত রোগীদের জন্য একটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য পরিষেবা হল প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচি। খোয়াই জেলা হাসপাতালে ২০২২ সালের আগস্ট মাস থেকে এই প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচি পরিষেবাটি চালু হয়। খোয়ই জেলায় এই ডায়ালাইসিস পরিষেবা সেন্টারটি শুরু হওয়ার পর থেকে কিডনি রোগীরা খুবই উপকৃত হয়েছেন। প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচির অধীন এই পরিষেবাটি সম্পূর্ণরূপে বিনামূল্যে প্রদান করা হচ্ছে, যা অর্থনৈতিকভাবে দুর্বল রোগীদের জন্য খুবই সহায়ক হয়েছে। এর আগে খোয়াই জেলার কিডনি রোগীদের ডায়ালাইসিসের জন্য আগরতলায় যেতে হত, যা অত্যন্ত ব্যয়সাপেক্ষ ও কষ্টকর ছিল। জেলার কিডনি রোগে আক্রান্ত রোগীরা বিনামূল্যে স্বচ্ছ ও সুন্দর পরিবেশে বিশেষজ্ঞ চিকিৎসক ও দক্ষ কর্মীদের দ্বারা এই ডায়ালাইসিস পরিষেবা পেয়ে সুস্থ হয়ে উঠেছেন। খোয়াই জেলা হাসপাতালে এই পরিষেবাটি চালু হওয়ার পর থেকে এখন পর্যন্ত মোট ৯,২১০টি ডায়ালাইসিস সেশন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে, ২৪ জন ডায়ালাইসিস রোগী নিয়মিতভাবে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এখানে এই পরিষেবা গ্রহণ করছেন। এদের মধ্যে ১৭ জন পুরুষ এবং সাতজন মহিলা রোগী। উক্ত পরিষেবা প্রদানে নিয়েজিত রয়েছেন খোয়াই জেলা হাসপাতালের ডায়ালাইসিস ইউনিটের নোডাল অফিসার হিসাবে চিকিৎসক ডাঃ অর্ণব দেববর্মা, ডায়ালাইসিস টেকনিশিয়ান এর তত্ত্বাবধানে রয়েছেন অভিজিৎ দাস, পুষ্পা দেব, প্রজ্ঞা বণিক এবং হাউস কিপিং স্টাফ টুটন দাস। সকলের সম্মিলিত প্রচেষ্টায় সুষ্ঠ ও সফলভাবে এই ডায়ালাইসিস পরিষেবা প্রদান করা হচ্ছে। খোয়াই জেলা হাসপাতালে বিনামূল্যে প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচির অধীন উক্ত ডায়ালাইসিস পরিষেবা চালু হওয়ায় কিডনি রোগীরা স্বাস্থ্য দপ্তরের পাশাপাশি খোয়াই জেলা হাসপাতালের সকল স্বাস্থ্যকর্মীদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****